

## ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION 27, Ballygunge Circular Road, Kolkata - 700019



2nd Term: Answer Work Sheet - 13 Class: 4

Subject: Bengali Gram(অনুচ্ছেদ)

Date: 09/09/2020

নিম্নলিখিত সূত্র গুলির সাহায্যে 'বাংলার শরৎকাল' ---একটি অনুচ্ছেদ লেখ

সূত্ৰ :-

ভূমিকা --- প্রাকৃতিক পরিবেশ --- উৎসব ---- আনন্দ ও বিষাদ

## বাংলার শরৎকাল

বাংলার বুকে ঋতুচক্রের আবর্তনে প্রকৃতির রূপ যেরূপ দেখা যায় তা অন্য জায়গায় এতটা সুস্পষ্ট ভাবে বোঝা যায় না । এখানে গ্রীষ্ম ও বর্ষার প্রথরতা, তৃষ্ণার্ত গ্রীষ্মের পর বর্ষার নবজীবনের সঞ্চার ঘটে । সেই প্রাণ আবার আনন্দে মনোহর হয়ে ওঠে শরৎকালে । সাদা সাদা কাশফুল আর শিউলি ও শিশির ভেজা ঘাসের স্পর্শ আমাদের মনে শরতের আগমন জানিয়ে দেয় । সেই সঙ্গে নীল আকাশে সাদা সাদা মেঘের আনাগোনা প্রকৃতিকে জানিয়ে দেয় শরতের আগমন বার্তা । শরতের শুরুতেই তার শারদোৎসবের প্রস্তুতি শুরু হয়ে যায়। বাংলার শারদোৎসব বাঙালীর প্রাণে নূতন আনন্দের, খুশীর খবর নিয়ে আসে । তবে শরৎ এত আনন্দময় হয় যে তাকে ঘিরে রয়েছে বিষাদের উৎস । শরতের শেষে শীতর আগমনে প্রকৃতি কুয়াশায় মুখ ঢাকতে থাকে যেন তার সৌন্দর্য হারিয়ে প্রিয়জনকে হারাবার কন্ট অনুভূত হয়।

Manashi Chaudhuri